

## “পুন: প্রকাশ্য নিলাম ডাকের নোটিশ “

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভি, পি কেস নং ১২৬/৭০ এর নিম্নতফসিল বর্ণিত অর্পিত পুকুর বাংলা ১৪২৮ সনের ১ বৈশাখ হতে ১৪৩০ সনের ৩০ চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে আগামী ২৪-০৫-২০২১ খ্রি. তারিখ সকাল ১১.০০ টার সময় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সিরাজদিখান এ নিম্নবর্ণিত শর্ত মোতাবেক প্রকাশ্য নিলাম ডাকের মাধ্যমে ইজারা বন্দোবস্ত দেয়া হবে। আগ্রহী ব্যক্তিগনকে প্রকাশ্য নিলাম ডাকে অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

### শর্তসমূহ

- ১। ডাকে অংশ গ্রহণের পূর্বে নগদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা জামানত হিসাবে জমা দিয়ে ডাকে অংশ গ্রহণ করতে হবে।
- ২। ডাক শেষ হওয়ার সাথে সাথে জামানতের টাকা ফেরৎ দেয়া হবে।
- ৩। ডাকের দিন সর্বোচ্চ ডাককারীকে ডাকের সমুদয় অর্থের ৫০% টাকা জমা করতে হবে।
- ৪। সর্বোচ্চ ডাককারীকে ডাকের সমুদয় টাকা, সমুদয় টাকার ১৫% ভ্যাট এবং ৫% আয়কর ডাক গ্রহণের তারিখ হতে ০৩ (তিন) দিনের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় তার ডাক বাতিল করে জামানতের জমা প্রদত্ত টাকা বাজেয়াপ্ত করা হবে এবং পুনঃ নিলাম ডাকের ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৫। কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে পুকুর পাড় / পুকুর কেটে কোন গর্ত বা পরিবর্তন করা যাবেনা।
- ৬। বাংলা ১৪৩০ সনের ৩০ চৈত্র মেয়াদ শেষে কোনরূপ সময় বৃদ্ধি করা হবেনা।
- ৭। ডাকের সমুদয় অর্থ পরিশোধ করত: ডাক অনুমোদনের পর কর্তৃপক্ষের সঙ্গে চুক্তি সম্পাদন করে পুকুর দখল বুঝিয়ে দেয়া হবে।
- ৮। কোন প্রকার কারণ ব্যতিরেকেই কর্তৃপক্ষ ডাক গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

### ‘তফসিল’

মৌজা	খতিয়ান নং	দাগ নং	রকম	পরিমান
বাহেরকুচি	১৭৯	১৭৫	পুকুর	২.০৯ একর

(আহমেদ সাক্বির সাজ্জাদ)

সহকারী কমিশনার (ভূমি)

সিরাজদিখান, মুন্সীগঞ্জ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ১। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মুন্সীগঞ্জ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুন্সীগঞ্জ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, সিরাজদিখান, মুন্সীগঞ্জ।
- ৫। অফিসার ইন চার্জ, সিরাজদিখান থানা, মুন্সীগঞ্জ।
- ৬। সাব-রেজিস্টার, সিরাজদিখান, মুন্সীগঞ্জ।
- ৭। উপজেলা ----- অফিসার, সিরাজদিখান, মুন্সীগঞ্জ।
- ৮। চেয়ারম্যান, ----- ইউনিয়ন পরিষদ, সিরাজদিখান, মুন্সীগঞ্জ।
- ৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, জৈনসার ইউনিয়ন ভূমি অফিস, সিরাজদিখান, মুন্সীগঞ্জ তাকে ঢোল সহরতের মাধ্যমে ও মাইকযোগে এলাকায় ব্যাপক প্রচার করার জন্য বলা হলো।
- ১০। ইজারাদার / পূর্ব নিজে জনাব -----
- ১১। নোটিশ বোর্ড।